

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় সিয়াম (রোযা) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৬৮. প্রতি একজনের উপর কী পরিমাণ ফি দেওয়া ফর্য?

এক সা'আ পরিমাণ। আলেমদের মতে, সা'আর সমপরিমাণ হলো ২ কেজি ৪০ গ্রাম। শাইখ মুহাম্মাদ ইবনে উসাইমীন (র.) সৌদি আরবের আলকাসীম প্রদেশের এক প্রাচীনতম গ্রামে রাসূলুল্লাহ (সা.)-এর যমানার একটি 'সা' পেয়ে তা পরিমাণ করে এ ওজনটি নির্ধারণ করেছেন। আবু সাঈদ খুদরী (রা.) বলেছেন যে, "আমরা ফিতরা দিতাম মাথাপিছু এক সা'আ পরিমাণ খাদ্য বা এক সা'আ যব বা এক সা'আ খেজুর বা এক সা'আ পনির বা এক সা'আ কিসমিস।" (বুখারী: ১৫০৬, মুসলিম: ৯৮৫)

নাসাঈর অন্য এক হাদীসে আছে, "ফিতরা হচ্ছে এক সা'আ পরিমাণ খাদ্যবস্তু।" এ মাসআলাটি মতবিরোধপূর্ণ। ইমাম আবু হানিফা (র) বলেছেন, ফিতরার পরিমাণ অর্ধেক সা'আ অর্থাৎ ১ কেজি ২০ গ্রাম খাদ্য দ্রব্য। উলামায়ে কিরাম অনেক যাচাই-বাছাই করে দেখেছেন যে, অর্ধেক সা'আ-এর পক্ষের অধিকাংশ হাদীসই দুর্বল। সে কারণে সক্ষম ব্যক্তিদের এক সা'আ পরিমাণ ফি প্রদান করাই আমি (লেখক) উত্তম মনে করছি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=15253

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন